গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
উন্নয়ন শাখা
www.rajshahidiv.gov.bd

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির ডিসেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী-

---

সভাপতি	ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর বিভাগীয় কমিশনার
সভার তারিখ	**১৯ ডিসেম্বর, ২০২৩ খ্রি.**
সভার সময়	বেলা ১২:১৫ টা
স্থান	বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

হাইব্রিড পদ্ধতিতে অনুষ্ঠিত সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কিনা তা জানতে চান। অত:পর বিভিন্ন দপ্তরের সাথে স্ব-স্ব দাপ্তরিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td><u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :</u>
সভাপতি কর্তৃক গত ১৭ অক্টোবর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।</td><td>১। গত ১৭ অক্টোবর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী</td></tr>
<tr><td>২</td><td><u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার:</u>
বিগত ২১ আগস্ট, ২০২৩ ও ১৭ অক্টোবর, ২০২৩ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:
<table><tr><th>মাসের নাম</th><th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th><th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th></tr><tr><td>আগস্ট/২৩</td><td>৪০</td><td>৩৮</td><td>৯৫%</td></tr><tr><td>অক্টোবর/২৩</td><td>৩৮</td><td>৩৬</td><td>৯৪.৭৩%</td></tr></table>
শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।</td><td>১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।</td><td>বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ</td></tr>
<tr><td>৩</td><td><u>আইএমইডি:</u>
জনাব মোহাম্মদ হাবিবুর রহমান, পরিচালক, আইএমইডি জানান যে, সারাদেশে ১৩৮৫টি উন্নয়ন প্রকল্প চলমান রয়েছে। চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে কোনো সমস্যা পরিলক্ষিত হলে প্রকল্প পরিচালকদের আইএমইডি এর ঊর্ধ্বতন কর্মকর্তার সাথে যোগাযোগ করার জন্য সভায় আলোচনা করা হয়। এছাড়া e-PMTS (Electronic Project Management Information System) নিয়মিত হালনাগাদ করার জন্য প্রকল্প পরিচালকগণকে অনুরোধ করা হয়।</td><td>১। রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোনো সমস্যার উদ্ভব হলে তা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ/সরাসরি আলোচনা/আন্তঃদপ্তর সমন্বয় করে সমাধান করতে হবে।
২। চলমান প্রকল্পসমূহের হালনাগাদ তথ্য e-PMIS-এ নিয়মিত Upload করতে হবে।</td><td>১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা

২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ
৩। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক</td></tr>
</table>

৪	**স্বাস্থ্য বিভাগ :** মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত কমিনিউটি মডেল আই কেয়ার সেন্টার এর সুবিধাদি নিয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি ম্যাটস এর ছাত্র-ছাত্রীদের উপযুক্ত শিক্ষককের দ্বারা শিক্ষাদান কার্যক্রম চালানোর বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন। পরিচালক (স্বাস্থ্য) বলেন, বেসরকারি সংস্থা (NGO) বিভিন্ন জেলায় সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং কলকারখানায় Hepatitis-B, জরায়ু ক্যান্সার, টাইফয়েড, ইনফ্লুয়েজা টিকা প্রদান কার্যক্রম চালাতে তৎপর রয়েছে। কিন্তু বর্ণিত টিকাগুলো মানসম্মত নয়। সভাপতি তাদেরকে উক্ত টিকা প্রদান কার্যক্রম হতে বিরত রাখার বিষয়ে সভায় সকল নির্দেশনা প্রদান করেন।	১। কমিনিউটি মডেল আই কেয়ার সেন্টারে সেবা প্রদানের বিষয়টি জনগণের মাঝে ব্যাপকভাবে প্রচার করতে হবে। ২। বেসরকারি সংস্থা (NGO) কে Hepatitis-B, জরায়ু ক্যান্সার, টাইফয়েড, ইনফ্লুয়েজা টিকা প্রদান করতে হলে পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ এর অনুমতি নিতে হবে।	১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী
৫	**পরিবার পরিকল্পনা:** পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী জানান যে, মাতৃ মৃত্যুর হার কমানোর জন্য গর্ভধারণের পর পরই প্রসূতিকে চিকিৎসকের পরামর্শ গ্রহণ করা জরুরি। তাছাড়া প্রসূতিকে অনিরাপদ স্থানে না রেখে স্থানীয় চিকিৎসা কেন্দ্রে নিয়ে ডেলিভারির বিষয়ে সভায় আলোচনা করা হয়। পরিবার পরিকল্পনা বিভাগের সেবাসমূহ প্রদানে বাড়ী বাড়ী পরিদর্শনের মাধ্যমে স্বল্প মেয়াদী পদ্ধতির কাজসহ প্রসব সেবার রেফারকারী হিসেবে দায়িত্ব পালন করেন পরিবার কল্যাণ সহকারীগণ।	১। গর্ভধারণের পর পরই প্রসূতিকে চিকিৎসকের পরামর্শ গ্রহণ এবং স্থানীয় চিকিৎসা কেন্দ্রে নিয়ে ডেলিভারি করানোর বিষয়ে পরামর্শ প্রদান করতে হবে।	পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ
৬	**খাদ্য বিভাগ:** আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, খাদ্যশস্য সংগ্রহ কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান ও চাল সংগ্রহ কার্যক্রম জোরদার করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। টিসিবির পণ্য যেন প্রতি মাসেই উত্তোলন করা হয় সে বিষয়ে আলোকপাত করা হয়। তাছাড়া ওএমএসসহ সকল ক্ষেত্রে ভারপ্রাপ্ত কর্মকর্তা (এলএসডি) এর মনিটরিং কার্যক্রম বৃদ্ধি করার বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন।	১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ শতভাগ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। ২। ধান সংগ্রহ আরো জোরদার করতে হবে। ৩। টিসিবির পণ্য যেন প্রতি মাসেই উত্তোলন করা হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা (এলএসডি) এর মনিটরিং কার্যক্রম বৃদ্ধি করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৭	**কৃষি বিভাগ:** অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, রোপা-আমন ধানের ফলন আগের তুলনায় ভাল অবস্থানে রয়েছে। তিনি আরো জানান যে, ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি করা হচ্ছে। যেমন সরিষার, তিল, তিষি বীজ জাতীয় ফসল চাষে কৃষকদেরকে উৎসাহিত করা হচ্ছে। পেঁয়াজের আবাদও ভালো হয়েছে। ফলন ভালো হওয়ার কারণে দামও কমবে। পেঁয়াজ যথাযথভাবে সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সভাপতি বলেন, আন্ডার গ্রাউন্ড ওয়াটার ব্যবহার কমাতে স্বল্প পানির মাধ্যমে উৎপাদনযোগ্য ফসল চাষে কৃষকদের মাঝে সচেতনতা বৃদ্ধি করতে সভায় গুরুত্বারোপ করা হয়।	১। ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে সরিষা, তিল ও অন্যান্য ফসলের উৎপাদন বৃদ্ধি করতে হবে। ২। পেঁয়াজ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। ৩। আন্ডার গ্রাউন্ড ওয়াটার কম ব্যবহার করে স্বল্প পানির মাধ্যমে উৎপাদনযোগ্য ফসল চাষে কৃষকদেরকে উৎসাহিত করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল/ বগুড়া অঞ্চল
৮	**বনবিভাগ:** বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া জানান যে, সামাজিক বনায়নের মাধ্যমে দারিদ্র্যতা দূরীকরণের পাশাপাশি খাদ্য, পশুখাদ্য, জ্বালানি, আসবাবপত্র ও মূলধনের চাহিদা পূরণ করা হচ্ছে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে নাশকতার কাজে কেউ যেন সামাজিক বন ব্যবহার না করতে পারে, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য বনবিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। গাছের গুড়ি ফেলে কেউ যেন রাস্তা অবরোধ করতে না পারে, সে বিষয়েও সভায় গুরুত্বারোপ করা হয়।	১। রাস্তা অবরোধ ও নাশকতার কাজে সামাজিক বন বিভাগের গাছপালা ব্যবহার করতে দেওয়া যাবে না।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া

৯	**প্রাথমিক শিক্ষা বিভাগ:** বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ জানান যে, রাজশাহী জেলার বোয়ালিয়া থানা শিক্ষা অফিসটি ১৯৯৪ সালে বোয়ালিয়া থানার হেলেনাবাদ-১ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দুইটি কক্ষে স্থানান্তর করা হয়। সে হতে অদ্যাবধি ০২(দুই)টি কক্ষে বোয়ালিয়া থানা শিক্ষা অফিসটি পরিচালিত হয়ে আসছে। বর্তমানে ০২টি কক্ষে যেমন অফিস সুষ্টভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে না তেমনিভাবে হেলেনাবাদ-১ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী বৃদ্ধি হওয়ায় পাঠদান কার্যক্রমও ব্যাহত হচ্ছে। এছাড়া রাজশাহী সিটি কর্পোরেশরেন রাস্তা প্রশস্তকরণের জন্য বোয়ালিয়া থানা রিসোর্স সেন্টারের পুরো ভবনটি ভেঙ্গে ফেলে। তারপর থেকে জনকল্যাণ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনে অস্থায়ীভাবে বোয়ালিয়া রিসোর্স সেন্টারে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের গত ৩১ মে ২০২৩ তারিখের ৩৮.০০.০০০০.০০৮.২৮.০০৪.১৮.২৫৪নং স্মারকে হোসনীগঞ্জ বালিকা বিদ্যালয়টির নাম পরিবর্তন করে সিটি কর্পোরেশনের ০১নং ওয়ার্ডে হড়গ্রাম মৌজায় হড়গ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয় নামকরণ করে স্থানান্তরের জন্য প্রশাসনিক অনুমতি প্রদান করায় বোয়ালিয়া থানা শিক্ষা অফিসকে উক্ত বিদ্যালয়ে স্থানান্তর করা হলে বোয়ালিয়া থানা শিক্ষা অফিসের এবং হেলেনাবাদ-১ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণী কক্ষের সমস্যা দূর হবে। এ বিষয়ে মহাপরিচালক,প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা মহোদয়ের মৌখিক নির্দেশনা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। বোয়ালিয়া থানা শিক্ষা অফিসের স্থান সংকুলান না হওয়ায় এবং বোয়ালিয়া থানা রিসোর্স সেন্টারের ভবন ভেঙ্গে ফেলায় এবং মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মতে হোসনীগঞ্জ বালিকা ও জনকল্যাণ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৪(চার)তলা ভবনের (বিদ্যালয় স্থানান্তরিত হওয়ায়) ১ম ও ২য় তলায় বোয়ালিয়া থানা শিক্ষা অফিস ও ৩য় ও ৪র্থ তলায় বোয়ালিয়া রিসোর্স সেন্টার স্থানান্তরের অনুমতিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়ের দপ্তর হতে সূত্রোক্ত স্মারক পত্রে বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার সিদ্ধান্তের কপি চাওয়া হয়। রাজশাহী সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত বোয়ালিয়া থানা শিক্ষা অফিস ও বোয়ালিয়া রিসোর্স সেন্টার স্থানান্তরের বিষয়টি বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভায় আলোচনা করা হয় এবং সর্ব সম্মতিক্রমে স্থানান্তরের যৌক্তিকতা নিরূপণ করা হয়।	১। বোয়ালিয়া থানা শিক্ষা অফিসটি হেলেনাবাদ-১ সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে হোসনীগঞ্জ বালিকা ও জনকল্যাণ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ১ম ও ২য় তলায় এবং বোয়ালিয়া থানা রিসোর্স সেন্টারটি একই বিল্ডিং এর ৩য় ও ৪র্থ তলায় স্থানান্তর করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক রাজশাহী ২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ
১০	**বিভাগীয় সমবায় অফিস:** যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী জানান যে, পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলায় সমবায় অধিদপ্তরের ৫২ শতক জমির উপর বাউন্ডারি দিয়ে সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। বর্ণিত বিষয়ে সরেজমিন তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, পাবনা এর দৃষ্টি আকর্ষণ করা হয়।	১। সমবায় অধিদপ্তরের জমির বিষয়ে সরেজমিন তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক, পাবনা ২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ ৩। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী
১১	**ইসলামিক ফাউন্ডেশন:** আতশবাজি, ফানুস উড়ানো, থার্টি ফার্স্ট নাইট উদ্‌যাপন করতে নিরুৎসাহিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ওয়াজ মাহফিলে উস্কানি ও নাশকতামূলক বক্তব্য না দেওয়ার বিষয়ে এবং মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের নাশকতার কাজে ব্যবহার না করার বিষয়ে পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী এর দৃষ্টি আকর্ষণ করা হয়। গুজব ও ভুল তথ্য দিয়ে মানুষকে বিভ্রান্ত না করা এবং জুমআর নামাজের বয়ানে উগ্রতা ছড়ানো হতে বিরত রাখার জন্যও পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী এর দৃষ্টি আকর্ষণ করা হয়।	১। আতশবাজি, ফানুস উড়ানো, থার্টি ফার্স্ট নাইট উদ্‌যাপন করতে নিরুৎসাহিত করতে হবে। ২। ওয়াজ মাহফিল ও জুমআর নামাজের বয়ানে উগ্রতা ও নাশকতামূলক বক্তব্য দেওয়া হতে বিরত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
১২	**গণপূর্ত বিভাগ:** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী এর পক্ষে প্রতিনিধি জানান যে, রাজশাহী বিভাগে মোট বরাদ্দকৃত মডেল মসজিদের সংখ্যা ৭৬টি। তন্মধ্যে ৫০টি মডেল মসজিদ উদ্বোধন করা হয়েছে। তিনি আরো জানান যে, রাজশাহী বিভাগে নির্মাণাধীন অবশিষ্ট মডেল মসজিদসমূহের নির্মাণ কাজ দ্রুতগতিতে সম্পন্ন হচ্ছে।	১। অবশিষ্ট মডেল মসজিদসমূহের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী ৩। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী

১৩	**সড়ক বিভাগ:** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন জানান যে, কামারুজ্জমান চত্বর হতে নওহাটা রাস্তা সম্প্রসারণে রেলওয়ের সীমানা প্রাচীর অপসারণের ক্ষেত্রে ভূমির মালিকানা বিষয়ে সৃষ্ট জটিলতা নিরসনে বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল) রাজশাহী'র সাথে নিয়মিত যোগাযোগ স্থাপন করা হচ্ছে। জায়গাটি পেলে প্রকল্পের কাজ দ্রুত গতিতে চালানো সম্ভব হবে।	১। রাজশাহী কামারুজ্জামান চত্বর হতে নওহাটা ব্রিজ পর্যন্ত রাস্তা সম্প্রসারণের কাজে রেলওয়ের জমি নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন।
১৪	**এলজিইডি:** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ জানান যে, জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটকেন্দ্রে যাতায়াতের সুবিধার্থে ক্ষতিগ্রস্ত ও ভাঙ্গা রাস্তাসমূহ দ্রুত মেরামত/সংস্কার করার বিষয়ে আলোচনা হয়। নিমিত্ত টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। দ্রুত মেরামত কার্যক্রম সম্পন্ন করা হবে।	১। জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ক্ষতিগ্রস্ত ও ভাঙ্গা রাস্তাসমূহ দ্রুত মেরামত/সংস্কার করতে হবে। ২। চলমান উন্নয়ন প্রকল্পগুলো নিয়মিত মনিটর করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ
১৫	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল জানান যে, রাজশাহী বিভাগে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে স্থাপিত সমুদয় পানির উৎসের পানি ল্যাবরেটরীর মাধ্যমে পরীক্ষা করা হয় এবং পানিতে দ্রবীভূত আর্সেনিকের মাত্রা সহনীয় পর্যায়ের মধ্যে পাওয়া গেলে সেক্ষেত্রে পানির উৎস তত্ত্বাবধায়কের নিকট হস্তান্তর করা হয়। অন্যথায় ট্রিটমেন্ট ইউনিট সংযুক্ত করে পুনরায় পানি ল্যাবরেটরীর মাধ্যমে পরীক্ষাপূর্বক সহনীয় মাত্রার আর্সেনিক প্রাপ্তি সাপেক্ষে পানির উৎস হস্তান্তর করা হয়। অবশিষ্ট পানির উৎস স্থাপন কাজ চলমান রয়েছে।	১। অবশিষ্ট পানির উৎস স্থাপন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল
১৬	**বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর:** পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী জানান যে, গবাদিপশুর 'লাম্পি স্কিন ডিজিজ' রোগ প্রতিরোধে টিকা প্রদান এবং জনসচেনতা বৃদ্ধিতে উঠান বৈঠক, লিফলেট বিতরণসহ প্রচার-প্রচারণা অব্যাহত রয়েছে। লাম্পি স্কিন রোগ সম্পর্কে খামারিদের সতর্ক করতে উঠান বৈঠক, লিফলেট বিতরণ এর উপর সভায় গুরুত্বারোপ করা হয়।	১। পশুর লাম্পি স্কিন রোগ সম্পর্কে খামারিদের সচেতন করতে উঠান বৈঠকসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী
১৭	**মৎস্য বিভাগ:** উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী জানান যে, মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। চলতি অর্থ বৎসরে নভেম্বর, ২০২৩ মাস পর্যন্ত ২৭৯৭টি মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন করা হয় যার মধ্যে ৩৮৭টি মোবাইল কোর্ট, ২৪১০টি অভিযানসহ মোট ২৭৯টি মামলা, ১১৯ জনের জেল এবং ১৪.১৯৭ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। মৎস্য চাষীদের উৎসাহিত করতে "উত্তম মাছচাষ অনুশীলন ও লাভজনক উপায়ে মাছচাষ" এবং "দেশিয় প্রজাতির ছোট মাছচাষ ব্যবস্থাপনা" বিষয়ক বই বিনামূল্যে বিতরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়িত হচ্ছে।	১। মৎস্য সংরক্ষণ আইনসহ মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। ২। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদেরকে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল),রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ
১৮	**পরিসংখ্যান বিভাগ:** যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, ভোক্তার মূল্য সূচক নিরূপনের মাধ্যমে জীবনযাত্রার মান নির্ধারণ ও মূল্যস্ফীতি নির্ধারণের লক্ষ্যে ৪টি দরছকের মাধ্যমে ফুড ও ননফুড দ্রব্যসামগ্রী এবং সেবার মূল্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প এর আওতায় বার্ষিক শ্রমশক্তি জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। রাজশাহী বিভাগের মোট ৩৫০ টি নমুনা এলাকার (Primary Sampling Unit বা PSU) প্রতিটি হতে ২৪ টি করে Household এর তথ্যসংগ্রহ করা হচ্ছে। স্যাম্পল ভাইটল রেজিস্ট্রেশন সিস্টেম "এসভিআরএস" কর্মসূচির (৩য় পর্যায়) আওতায় বিভাগের ২৮৩ টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্ট্রার এর মাধ্যমে মাঠ পর্যায়ে নির্দিষ্ট নমুনা এলাকায় জন্ম-মৃত্যুসহ অন্যান্য ডেমোগ্রাফিক বৈশিষ্ট্যের তথ্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে চলছে। মাসিক কৃষি মজুরীসহ প্রধান ও অপ্রধান বিভিন্ন ফসলের তথ্যাদি নিয়মিত প্রেরণ করা হচ্ছে।	১। পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি গড়ে তুলতে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ ২। যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী

১৯	**ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর:** উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, কৃত্রিম সংকট সৃষ্টি করে যেন দ্রব্য মূল্য বৃদ্ধি করতে না পারে সেজন্য পেঁয়াজ, আলু, ডিম, মাংসসহ নিত্য পণ্যের বাজার তদারকি জোরদার করা হয়েছে। নিত্য পণ্যের সরবরাহ যে স্বাভাবিক থাকে সেজন্য উৎস থেকে (কোল্ড স্টোরেজ, খামার) বিপণন কেন্দ্র পর্যন্ত নজরদারি করা হচ্ছে। ০১ অক্টোবর থেকে ৩১ অক্টোবর ২০২৩ তারিখ পর্যন্ত রাজশাহী বিভাগীয় কার্যালয় ও এর অধীন জেলা কার্যালয়সমূহ কর্তৃক পরিচালিত মোট ১৩৫টি বাজার অভিযানের মাধ্যমে ৩৩১টি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার বিরোধী বিভিন্ন অপরাধে প্রশাসনিক ব্যবস্থায় ১৫,৫৭,৫০০/- (পনেরো লক্ষ সাতান্ন হাজার পাঁচশত) টাকা জরিমানা করা হয়েছে। আদায়কৃত জরিমানা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।	১। কৃত্রিম সংকট সৃষ্টি করে যেন দ্রব্য মূল্য বৃদ্ধি করা না হয় সে বিষয়ে মনিটরিং আরো জোরদার করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী
২০	**সমাজসেবা অফিস:** পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল ইউনিটে শতভাগ জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগের মোট ১৪ লক্ষ ৭১ হাজার ৬০২ জনকে বিভিন্ন ধরণের সামাজিক নিরাপত্তা ভাতা প্রদান করা হয়ে থাকে। ভাতার জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা হয়। এ বিভাগের সকল ইউনিটে শতভাগ জি টু পি পদ্ধতিতে সকল ভাতা প্রদান করা হয়।	১। ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড প্রভৃতি রোগে আক্রান্তদের আনুষ্ঠানিকতার মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করতে হবে। ২। এ বিভাগে সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী
২১	**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস:** উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী জানান যে, প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণার অংশ হিসেবে অক্টোবর ২০২৩ মাসে সরকারি অফিসে ১০৪টি, বেসরকারি অফিসে ১৪১টি, বস্তিতে ১৪টি, শপিংমল/হাট বাজার/বিপণীবিতানে ১০৩টি, শিক্ষা প্রতিষ্ঠানে ৪৬টি এবং বহুতল বা বাণিজ্যিক ভবনে ১৫টি মহড়া করা হয়েছে। এছাড়াও টপোগ্রাফি ও গণসংযোগ করা হয়েছে ২৯৪টি, সরকারি ৭টি ও বেসরকারি ১৯টি প্রতিষ্ঠান সার্ভে করা হয়েছে। ৫টি বহুতল ভবন পরিদর্শন করা হয়েছে। ৩৮টি বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে।	১। প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী
২২	**যুব উন্নয়ন অফিস:** উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সুচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৩৭১০৫ জন। নভেম্বর ২০২৩ পর্যন্ত প্রশিক্ষণের অগ্রগতি অর্জিত হয়েছে ১২৮৪০ জন। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হবে। রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৫৬০৪ জন। নভেম্বর ২০২৩ পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে ২৪৮৯ জনকে এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উদ্বুদ্ধ করা হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হবে।	১। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। ২। আত্মকর্মসংস্থানে যুবঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
২৩	**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড:** পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক ছাত্র/ছাত্রীদের শিক্ষাবৃত্তি, স্টাফদের জন্য বাস সার্ভিস, মহিলাদের জন্য কারিগরি প্রশিক্ষণ, সেলাই, ব্লক বাটিক, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া প্রভৃতি সেবা প্রদান করা হয়ে থাকে। প্রদানকৃত সেবাসমূহ সম্পর্কে সংশ্লিষ্টদের অবগত করতে প্রচার-প্রচারণা অব্যাহত রয়েছে। বিভিন্ন সভা, সেমিনার, বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা, জেলা মাসিক সমন্বয় সভায় সেবাসমূহ সম্পর্কে সকলকে অবগত করা হয়। এছাড়াও কল্যাণ বোর্ডের প্রদত্ত নানাবিধ সেবার তালিকা এবং সেবা প্রদানের নিয়মাবলী সকলের অবহিতকরণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর পত্র যোগাযোগ করা হয়েছে।	১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদানকৃত সেবাসমূহ সম্পর্কে সংশ্লিষ্টদের অবগত করতে প্রচার-প্রচারণা চালাতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
২৪	**আঞ্চলিক নির্বাচন অফিস:** আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল জানান যে, ভোটকেন্দ্রগুলোতে বিদ্যুৎ সংযোগ, লাইট ও পানির ব্যবস্থা নিশ্চিতকরণসহ ওয়াশরুমগুলো পরিস্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে জেলা নির্বাচন অফিসারগণ প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে সরবরাহ করেছেন এবং জেলা প্রশাসকগণ তাঁদের মাসিক সমন্বয় সভা এবং অন্যান্য সভায় তদবিষয়ে স্ব স্ব অফিস প্রধানের সাথে আলোচনা করেছেন এবং কার্যকর ব্যবস্থা নেয়ার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেছেন।	১। ভোটকেন্দ্রগুলোতে বিদ্যুৎ সংযোগ, লাইট ও পানির ব্যবস্থা নিশ্চিতকরণসহ ওয়াশরুমগুলো পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।	১। বিভাগীয় দপ্তর প্রধানগণ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল

২৫	**<u>জাতীয় সঞ্চয় অধিদপ্তর :</u>** উপপরিচালক, বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী জানান যে, সঞ্চয়পত্রে বিনিয়োগের পরিমাণ রাজশাহী অঞ্চলে লক্ষ্যমাত্রার চেয়ে অনেক কম। তাই সঞ্চয়পত্রে বিনিয়োগ বৃদ্ধির জন্য সভার সকল সদস্যকে ভূমিকা রাখার জন্য অনুরোধ জানান।	১। সঞ্চয়পত্রে বিনিয়োগের সরকারি লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে ব্যক্তিগত বিনিয়োগসহ অন্যান্যদের বিনিয়োগে উৎসাহিত করতে হবে।	বিভাগীয় দপ্তর প্রধানগণ
২৬	**<u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):</u>** এ বিভাগের সকল দপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে।	বিভাগীয় দপ্তর প্রধানগণ

সভাপতি আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সকলকে নিরপেক্ষতার সাথে নির্ভয়ে দায়িত্ব পালনের আহবান জানান। নাশকতার বিরুদ্ধে সবাইকে সজাগ থাকা এবং কেপিইসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনায় নজরদারি বৃদ্ধির জন্য অনুরোধ করেন। অত:পর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১-১২-২০২৩

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার
০২৫৮৮৮৫৭২৩৩ (ফোন)
০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)
divcomrajshahi@mopa.gov.bd

তারিখ: ১৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০৫.২৩.১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
৩। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
৪। উপমহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী;
৫। মহাপরিচালক, রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী;
৬। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা;
৭। মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), মহাব্যবস্থাপক এর দপ্তর , মহাব্যবস্থাপক (পশ্চিম) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, সিআরডি, রাজশাহী;
৮। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী;
৯। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী;
১০। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ;
১১। পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী;
১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী;
১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, রাজশাহী বিভাগ, রাজশাহী ;
১৪। অতিরিক্ত পরিচালক , অতিরিক্ত পরিচালকের কার্যালয় , অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
১৫। অতিরিক্ত পরিচালক , অতিরিক্ত পরিচালকের কার্যালয়, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া;
১৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন;

১৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন;
১৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী;
১৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর;
২০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ;
২১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ;
২২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা;
২৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;
২৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া;
২৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট;
২৬। অধিনায়ক, র‌্যাব-৫, রাজশাহী;
২৭। উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ;
২৮। প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী;
২৯। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া;
৩০। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী;
৩১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৩২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৩৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী;
৩৪। আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, রাজশাহী ও রংপুর বিভাগীয় কার্যালয়, বগুড়া;
৩৫। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, শেরপুর, বগুড়া;
৩৬। আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী;
৩৭। অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী;
৩৮। অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া;
৩৯। অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা;
৪০। অধ্যক্ষ, শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ;
৪১। অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ;
৪২। মহাব্যবস্থাপক-১, টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী;
৪৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী;
৪৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী;
৪৫। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৪৬। পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), রাজশাহী;
৪৭। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী;
৪৮। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী;
৪৯। পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী;
৫০। পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী;
৫১। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী;
৫২। পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী;
৫৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী;
৫৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ;
৫৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী;
৫৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর;
৫৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ;
৫৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ;
৫৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা;
৬০। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ;
৬১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া;
৬২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট;

৬৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৬৪। উপপরিচালক (চলতি দায়িত্ব), বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, রাজশাহী;
৬৫। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৬৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী;
৬৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী;
৬৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী;
৬৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন, বগুড়া;
৭০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী;
৭১। আঞ্চলিক প্রকল্প পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী;
৭২। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী;
৭৩। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া;
৭৪। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী;
৭৫। যুগ্মপরিচালক (সার), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৭৬। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ;
৭৭। উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৭৮। উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী;
৭৯। উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
৮০। জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী;
৮১। জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা;
৮২। জোনাল সেটেলমেন্ট অফিসার, বগুড়া;
৮৩। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী;
৮৪। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী;
৮৫। উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী;
৮৬। উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী;
৮৭। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী;
৮৮। উপপরিচালক(ভারপ্রাপ্ত), বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী;
৮৯। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;
৯০। সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;
৯১। বিভাগীয় ব্যবস্থাপক, ব্র্যাক, রাজশাহী;
৯২। কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এবং
৯৩। নাজির (অফিস), নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

০১-০১-২০২৪
ড. মোঃ মোকছেদ আলী
অতিরিক্ত বিভাগীয় কমিশনার